# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৭২

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لِكُلِّ شَيْءٍ زَكَاةٌ وَزَكَاةُ الْجَسَدِ الصَّوْمُ» . رَوَاهُ ابْن مَاجَه

## বাংলা

২০৭২-[৩৭] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রত্যেক জিনিসেরই যাকাত আছে। শরীরের যাকাত হলো সওম। (ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : ইবনু মাজাহ ১৭৪৫, ইবনু আবী শায়বাহ্ ৮৯০৮, য‘ঈফাহ্ ১৩২৯, য‘ঈফ আত্ তারগীব ৫৭৯, য‘ঈফ আল জামি‘ ৪৭২৩। কারণ এর সানাদে ‟মূসা ইবনু ‘উবায়দাহ্’’ সর্বসম্মতিক্রমে একজন দুর্বল রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘আল্লামা সিনদী (রহঃ) বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা (لِكُلِّ شَيْءٍ زَكَاةٌ) অর্থাৎ- প্রতি মানুষের উচিত হলো, প্রত্যেক বিষয়ের মধ্য হতে আল্লাহর নির্ধারিত অংশ বের করা। আর এটাই হবে তার যাকাত, আর শরীরের যাকাত হলো সিয়াম। কেননা আল্লাহর রাস্তায় সিয়ামের কারণে শরীরের শক্তি কমে যায়। সুতরাং শরীর থেকে যতটুকু কমে যায়, তা হবে শরীরের যাকাত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56632

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন